দৈনিক সংবাদ

৩০/১০/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা মন্ত্রণালয়ে উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভা

২০০১-২০০২ অর্থবছরের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত শিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পসমূহের অগ্রগতি সংক্রান্ত এক পর্যালোচনা সভা সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। শিক্ষাসচিব মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টুও বক্তব্য রাখেন। শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন অধিদপ্তরের মহাপরিচালক, প্রকল্পের পরিচালক এবং শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

সভায় শিক্ষা মন্ত্রণালয়ের ৬২টি প্রকল্পের কার্যক্রমের অগ্রগতির বিষয় নিয়ে আলোচনা করা হয়। এর মধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর এবং ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টের বাস্তবায়নাধীন ১৮টি প্রকল্পের বর্তমান অর্থ বছরের প্রথম তিন মাসের কার্যক্রমের অগ্রগতির বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

শিক্ষামন্ত্রী ড. ফারুক গৃহীত প্রকল্পগুলো যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি নির্দেশ দেন। তিনি প্রকল্প বাস্তবায়নে স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিতকরণের আহ্বান জানান। তথ্য বিবরণী।